# তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

**অভিযোগ নং ঃ ৩১/২০১৪**

**অভিযোগকারী ঃ জনাব দেলাওয়ার বিন সিরাজ**
পিতা-মৃত হাজী সিরাজ উদ্দিন
২/২ আর কে মিশন রোড
৩য় তলা, (গিফট ভ্যালী)
ঢাকা-১২০৭।

**প্রতিপক্ষ ঃ জনাব মোঃ আতাউর রহমান**
এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট
ইসলামী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়
জনসংযোগ বিভাগ, ৪০ দিলকুশা বা/এ
ঢাকা-১০০০।

## সিদ্ধান্তপত্র।

**(তারিখ ঃ ০৯-০৬-২০১৪ ইং)**

অভিযোগকারী জনাব দেলাওয়ার বিন সিরাজ ১০-১২-২০১৩ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে ইসলামী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়ের এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ আতাউর রহমান বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- **বিগত ৫ বছরে ইসলামী ব্যাংক বাং লিঃ এর জনসংযোগ বিভাগ থেকে ডিসপ্লে বিজ্ঞাপন বাবদ কোন কোন প্রতিষ্ঠানকে কত টাকার বিজ্ঞাপন প্রদান করা হয়েছে উহার নাম, ঠিকানা, অনুমোদিত টাকার পরিমান উল্লেখ করে লিখিত বিবরনী।**
- **জনাব মোঃ আব্দুল মান্নান, ম্যানেজিং ডিরেক্টর, ইসলামী ব্যাংক লিং এর ঋণ ক্ষমতাবলে মে ২০১০ থেকে অদ্য পর্যন্ত কোন কোন প্রতিষ্ঠানকে কত টাকার ঋণ প্রদান করা হয়েছে এবং কোন কোন প্রতিষ্ঠানের ঋণের জন্য বোর্ডে সুপারিশ করেছেন তার নাম, ঠিকানা, অনুমোদিত ঋণের পরিমান উল্লেখপূর্বক লিখিত বিবরনী।**
- **২০১০ সালের জানুয়ারী মাস থেকে অদ্য পর্যন্ত সি এস আর তহবিলের আওতায় ইসলামী ব্যাংক বাং লিঃ থেকে কোন কোন প্রতিষ্ঠানকে কত টাকার আর্থিক অনুদান প্রদান করা হয়েছে তার বিবরনী।**

০২। আবেদনের প্রেক্ষিতে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, প্রধান কার্যালয়ের এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট জনাব মোঃ আতাউর রহমান ২৪-১২-২০১৩ তারিখে আইবিবিএল/পিআরডি /২০১৩/৮৭ নং স্মারকের মাধ্যমে অভিযোগকারীকে জানান যে, তথ্য অধিকার আইনের ২(খ) ধারায় “কর্তৃপক্ষ” এর সংজ্ঞা অনুযায়ী ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড কর্তৃপক্ষের অন্তর্ভুক্ত নয়। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ২২-০১-২০১৪ তারিখে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, প্রধান কার্যালয়ের ব্যবস্থাপনা পরিচালক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) জনাব মোহাম্মদ আব্দুল মান্নান  বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পাওয়ায় তিনি ২৪-০৩-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ১০-০৪-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ৩০-০৪-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব দেলাওয়ার বিন সিরাজ উপস্থিত এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে বিজ্ঞ আইনজীবী জনাব শাহীন আহ্‌মেদ শুনানীতে উপস্থিত হয়ে সময় চেয়ে আবেদন করেন। কমিশন কর্তৃক সময়ের আবেদন মঞ্জুর করা হয় এবং ০৯-০৬-২০১৪ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতি সমন জারী করা হয়।

(অঃ পৃঃ দ্রঃ)

০৫। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব দেলাওয়ার বিন সিরাজ ও প্রতিপক্ষ ইসলামী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়ের এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ আতাউর রহমান ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে বিজ্ঞ আইনজীবী জনাব শাহীন আহ্‌মেদ হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি তথ্য প্রাপ্তির আবেদন করার পর তথ্য অধিকার আইনের ২(খ) ধারায় "কর্তৃপক্ষ" এর সংজ্ঞা অনুযায়ী ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড কর্তৃপক্ষ নয় মর্মে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তাকে জানান। পরবর্তীতে অভিযোগকারী আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৬। ইসলামী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে বিজ্ঞ আইনজীবী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইনের ২(খ) ধারায় "কর্তৃপক্ষ" এর সংজ্ঞা অনুযায়ী ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড কর্তৃপক্ষের অন্তর্ভুক্ত নয় বিধায় তথ্য প্রদান করা সম্ভব হয়নি। তবে তাদের বার্ষিক প্রতিবেদনে অনেক তথ্যই সংযুক্ত করা হয়ে থাকে সেখান হতে অভিযোগকারী তথ্য সংগ্রহ করতে পারেন।

০৭। অভিযোগকারীর যাচিত সকল তথ্য বার্ষিক প্রতিবেদনে রয়েছে কিনা, কমিশনের এমন প্রশ্নের জবাবে বিজ্ঞ আইনজীবী উল্লেখ করেন সকল তথ্য সন্নিবেশিত নেই। সি এস আর এর তথ্য রয়েছে মর্মে অবহিত করলে অভিযোগকারী জানান সি এস আর এর তথ্য সংযোজন করা হয়নি।

০৮। তথ্য কমিশনের ১৮-১২-২০১৩ তারিখের তকক/প্রশা-৭৫(অংশ-২য়)/২০১২-৫১৮ নং স্মারকে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী বেসরকারি ব্যাংকসমূহ কর্তৃপক্ষ হিসেবে বিবেচিত হবে কিনা, সে বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামত চেয়ে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ ও আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এবং কোম্পানী আইন, ১৯৯৪ এর আলোকে সকল বেসরকারি ব্যাংক কর্তৃপক্ষ হিসেবে বিবেচিত হবে মর্মে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে মতামত পাওয়া যায়। এ বিষয়টি কমিশন কর্তৃক অভিযোগকারীকে অবহিত করা হলে সে প্রেক্ষিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে বিজ্ঞ আইনজীবী জানান যে, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামত আইনের মতো অবশ্য পালনীয় নয়, তবে, মতামতটি এসআরও জারীর পর গেজেটে প্রকাশিত হলে ইসলামী ব্যাংক লিঃ কর্তৃপক্ষ হিসেবে বিবেচিত হবে, তখন তথ্য প্রদানে তাদের আর কোন বাধা থাকবেনা।

## পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শ্রবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামতটি এখনো এসআরও আকারে জারী হয়নি। ফলে ইসলামী ব্যাংক লিঃ তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২(খ) ধারা মতে 'কর্তৃপক্ষের' অন্তর্ভুক্ত না হওয়ায় তথ্য প্রদানে তারা বাধ্য নন।

## সিদ্ধান্ত।

তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২(খ) ধারা অনুসারে বেসরকারি ব্যাংকসমূহ কর্তৃপক্ষ হিসাবে অন্তর্ভুক্ত করা সংক্রান্ত আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামতটি এসআরও আকারে জারী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য ব্যাংকিং ও আর্থিক প্রতিষ্ঠান বিষয়ক বিভাগকে অনুরোধ করার জন্য তথ্য মন্ত্রণালয় বরাবর পত্র পেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত এসআরও জারীর পর অভিযোগকারীকে পুনরায় আবেদনের পরামর্শ দিয়ে অভিযোগটি নিষ্পত্তি করা হয়।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

| স্বাক্ষরিত/- | স্বাক্ষরিত/- | স্বাক্ষরিত/- |
|---|---|---|
| **(অধ্যাপক ড. সাদেকা হালিম)** | **(মোহাম্মদ আবু তাহের)** | **(মোহাম্মদ ফারুক)** |
| তথ্য কমিশনার | তথ্য কমিশনার | প্রধান তথ্য কমিশনার |

[মিজান]